



ইনকিলাব : গতকাল (বুধবার) জাতীয় জাদুঘর মিলনায়তনে আয়োজিত দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ২য় কনভোকেশন অনুষ্ঠানের প্রধান অতিথি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রেসিডেন্ট প্রফেসর এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরীর কাছ থেকে স্বর্ণপদক গ্রহণ করছেন বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নাযার অর্জনকারী ছাত্রী কানিজ ফাতেমা

দারুল ইহসান ভার্শিটির সমাবর্তন  
নৈতিক মূল্যবোধ ও সৃষ্টির প্রতি  
আস্থার শিক্ষাই তরুণ সমাজকে  
সঠিক পথ দেখাতে পারে

—প্রেসিডেন্ট

স্টাফ রিপোর্টার : গতকাল (বুধবার) প্রেসিডেন্ট অধ্যাপক এ কিউ এম বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, আধুনিক জ্ঞান ও প্রযুক্তির সাথে নৈতিক মূল্যবোধ ও সৃষ্টির প্রতি পূর্ণ আস্থাশীল শিক্ষাই বিভ্রান্ত তরুণ সমাজকে আজ সঠিক পথনির্দেশনা দিতে পারে। সারাবিশ্বে আজ নৈতিক মূল্যবোধ ও ঐতিহ্য উপেক্ষিত। বহুবাদী দর্শন আমাদের জীবনকে আচ্ছন্ন করে  
৭-এর পৃঃ ৫-এর কঃ দেখুন

দারুল ইহসান ভার্শিটি

৮-এর পৃষ্ঠার পর  
রেখেছে সেক্ষেত্রে মানবিক গুণসম্পন্ন  
শিক্ষাই আমাদের সমাজকে ধ্বংসের হাত  
থেকে রক্ষা করে শান্তি প্রতিষ্ঠা করতে  
পারে।

দারুল ইহসান বিশ্ববিদ্যালয়ের ২য় সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে প্রেসিডেন্ট এ কথা বলেন। জাতীয় জাদুঘর মিলনায়তনে আয়োজিত এ সমাবর্তন অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন তত্ত্বাবধায়ক সরকারের সাবেক প্রধান নির্বাহী বিচারপতি লতিফুর রহমান, শিক্ষামন্ত্রী ডঃ ওসমান ফারুক, ভাইস চ্যান্সেলর ডঃ এম এ হামিদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন দারুল ইহসান ট্রাস্টের চেয়ারম্যান আবদুল্লাহ ওমর নাসিফ ও ধন্যবাদ জ্ঞাপন করেন ট্রাস্টের ভাইস চেয়ারম্যান ডঃ নাইমুর রহমান। প্রেসিডেন্ট আরো বলেন, এটা সত্যি দুর্ভাগ্য যে, আমাদের শিক্ষা ব্যবস্থার ক্রটির কারণে অনেক সামাজিক সমস্যার সৃষ্টি হচ্ছে। কার্যত অসম্পূর্ণ শিক্ষা দিয়ে মানুষের ভারসাম্যপূর্ণ ও গুণগত মানোন্নয়ন সম্ভব নয়। ভারসাম্যপূর্ণ শিক্ষা বলতে তিনি বুদ্ধিবৃত্তিক, প্রযুক্তিগত, নৈতিক ও আধ্যাত্মিক জ্ঞানের সমন্বিত শিক্ষা উন্নয়নের বিষয়টিকে চিহ্নিত করেন। তিনি বলেন, ভুলনামূলক বিচারে বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষারমান ভালো হলেও সেখানে অধ্যয়নের সুযোগ সীমিত। টিউশন ফি অনেক বেশী। তাছাড়া বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোতে ছাত্র রাজনীতি নেই বলে সেখানে সেশনজট নেই। তবে বেসরকারী বিশ্ববিদ্যালয়গুলোতে বিজ্ঞান, মানবিক ও ভাষাতাত্ত্বিক বিষয়ে পড়াশোনার কোন সুযোগ রাখা হয়নি বলে তিনি সমালোচনা করেন।